

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস প্রমাণ করে যে, উল্লেখিত নির্দেশটি ঐচ্ছিক নির্দেশ, এটি তার জন্য যে তা পুনরায় আদায় করতে চায়; এটা উদ্দেশ্য নয় যে, যে কারো কোন সালাত ছুটে গেলে তা দুই বার আদায় করবে; একবার যখন স্মরণ হবে আরেকবার যখন সেই সালাতের দ্বিতীয়বার সময় আসবে

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْأَمْرَ الَّذِي وَصَفْنَاهُ إِنَّمَا هُوَ أَمْرُ فَضِيلَةٍ لِمَنْ أَحَبَّ ذَلِكَ لَا أَنَّ كُلَّ مَنْ فَاتَتْهُ صَلَاةٌ يُعِيدُهَا مَرَّتَيْنِ إِذَا ذَكَرَهَا وَالْوَقْتُ التَّانِي مِنْ غيرها

আরবী

2641 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا هِشَامٌ عَنْ الْحَسَنِ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ قَالَ: سِرْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزَاةٍ فَلَمَّا كَانَ مِنْ آخِرِ اللَّيْلِ عَرَّسَ فَمَا اسْتَيْقَظَ حَتَّى أَيْقَظَنَا حَرُّ الشَّمْسِ فَجَعَلَ الرَّجُلُ يَقُومُ دَهِشاً فَزِعاً فَقَال رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ارْكَبُوا) فَرَكِبَ وَرَكِبْنَا فَسَارَ حَتَّى ارْتَفَعَتِ الشَّمْسُ ثُمَّ نَزَلَ فَأَمَر بِلَالًا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ارْكَبُوا) فَرَكِبَ وَرَكِبْنَا فَسَارَ حَتَّى ارْتَفَعَتِ الشَّمْسُ ثُمَّ نَزَلَ فَأَمْر بِلَالًا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الرُكَبُوا) فَرَكِبَ وَرَكِبْنَا فَسَارَ حَتَّى ارْتَفَعَتِ الشَّمْسُ ثُمَّ نَزِلَ فَأَمْنَ بِلَالًا فَقُلْنَا: يَا فَأَذَّنَ وَفَرَغَ الْقَوْمُ مِنْ حَاجَاتِهِمْ وَتَوَضَّوُّوا وَصَلَّوا الرَّكْعَتَيْنِ ثُمَّ أَقَامَ فَصَلَّى بِنَا فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ أَلَا نَقْضِيهَا لِوَقْتِهَا مِنَ الْغَدِ؟ قَالَ: (يَنْهَاكُمْ رَبُّكُمْ عَنِ الرِّبَا ويقبله منكم؟) رَسُولَ اللَّهِ أَلَا نَقْضِيهَا لِوَقْتِهَا مِنَ الْغَدِ؟ قَالَ: (يَنْهَاكُمْ رَبُّكُمْ عَنِ الرِّبَا ويقبله منكم؟) الراوي : عِمْرَان بْن حُصَيْنِ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1264 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: وصلُوا ركعتين.

বাংলা

২৬৪১. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে একটা যুদ্ধে চলছিলাম, অতঃপর যখন রাতের শেষ প্রহর হলো তখন তিনি যাত্রাবিরতি দিলেন। তারপর সূর্যের তাপ আমাদের জাগিয়ে না তুলা পর্যন্ত আমাদের কেউ জাগ্রত হয়নি। অতঃপর লোকজন বিস্ময় ও ভীত হয়ে একে একে উঠতে লাগলো। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা বাহনে



আরোহন কর।" অতঃপর তিনি বাহনে আরোহন করেন আমরাও বাহনে আরোহন করি। তারপর তিনি সূর্য উঁচুতে উঠা পর্যন্ত চলতে থাকলেন। তারপর বাহন থেকে নামলেন এবং বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে আযান দেওয়ার আদেশ দিলেন ফলে তিনি আযান দিলেন। লোকজন তাদের হাজত পূরণ করেন। অতঃপর ওয়ু করে দুই রাকা'আত সালাত আদায় করেন। তারপর তিনি ইকামত দিলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে সালাত আদায় করেন। তখন আমরা বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা কি এই আগামীকাল যথাসময়ে কাযা করবো না?" জবাবে তিনি বলেন, "তোমাদের প্রভু কি তোমাদেরকে সুদ থেকে নিষেধ করে, নিজে তা গ্রহণ করবেন?"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৯৯৪; মুসনাদ আহমাদ: ৪/৪৪১; দারাকুতনী: ১/৩৮৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪০০; সুনান বাইহাকী: ২/২১৭; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৫৪-৫৫; আবূ দাউদ: ৪৪৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২২৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন